



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ
বেইলী রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd



বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব কে, এম, রুহুল আমীন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।।

সভার তারিখঃ ০১.১২.২০২২ খ্রিঃ; সভার সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা।

সভার স্থানঃ মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ।

২। সভায় উপস্থিতি: সংযুক্ত – “ক”


সভাপতি সভায় উপস্থিত ও জুম প্ল্যাটফরমে অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০২২-২৩ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ অগ্রগতি বিষয়ে সংস্থা প্রধানগণের মতামত আহবান করেন।

৩। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
১	উপপরিচালক (প্রশি. ও উন্ন.) ও ফোকাল পয়েন্ট, এনআইএস অত্র অধিদপ্তরের আওতাধীন তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই-এর অধ্যক্ষগণ ২০২২-২৩ অর্থ বছরের জন্য APA স্বাক্ষর করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক APA-তে অন্তর্ভুক্ত রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে অত্র অধিদপ্তরে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। প্রতিক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সুনির্দিষ্ট করা আছে। সকল কর্মকর্তা-কর্মচারীর স্ব স্ব দায়িত্ব পালন করার মাধ্যমে শুদ্ধাচার কৌশলের সঠিক বাস্তবায়ন সম্ভব নয়। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় বর্ণিত সকল কর্মকর্তা-কর্মচারীর স্ব স্ব দায়িত্ব পালন করা প্রয়োজন।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় বর্ণিত সকল কর্মকর্তা-কর্মচারীর স্ব স্ব দায়িত্ব পালন করতে হবে।	১। সকল কর্মকর্তা/শিক্ষক, মাশিঅ ও আওতাধীন তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই; ২। ফোকাল পয়েন্ট, এনআইএস
২	অধ্যক্ষ, বিএমটিটিআই বলেন যে, নৈতিকতা কমিটির প্রাতি কোয়ার্টারে ১টি করা সভা করার নির্দেশনা আছে এবং বিএমটিটিআই শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। তাছাড়া মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় উল্লিখিত সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে এবং প্রয়োজনীয় ডকুমেন্টস, অত্র অধিদপ্তরে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় উল্লিখিত সকল কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে এবং প্রয়োজনীয় ডকুমেন্টস অত্র অধিদপ্তরে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	১। অধ্যক্ষ, তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিটিআই ২। ফোকাল পয়েন্ট, এনআইএস

	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আগত চেক হোল্ডারদের সমস্যা সমাধানে আন্তরিক হবার পরামর্শ দেন।	হোল্ডারদের সমস্যা সমাধানে আন্তরিক হয়ে কাজ করতে হবে।	আওতাধীন সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিআই
৪	উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) বলেন যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জন্য প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা রয়েছে। তাছাড়া তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও বিএমটিআই-এর ত্রৈমাসিক মাসিক প্রতিবেদন যথাসময়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।	ক) ফোকাল পয়েন্ট ও এনআইএস কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জন্য প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।	১। এনআইএস কমিটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও ২। ফোকাল পয়েন্ট, এনআইএস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪। সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।


 কে, এম. রুহুল আমীন
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
 মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
 ফোন: ৪১০৩০১৫৯

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৬.০৬.০০১.১৮- ১৩৭


তারিখ ১৬ অগ্রহায়ণ, ১৪২৯
০১ ডিসেম্বর, ২০২২ খ্রি.

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই আলিয়া, ঢাকা/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া/সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/ অধ্যক্ষ, বিএমটিআই, গাজীপুর।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ ও উন্নয়ন, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩. উপ-পরিচালক, প্রশাসন/ অর্থ/ প্রশিক্ষণ ও উন্নয়ন, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৪. সহকারী পরিচালক, সকল, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫. পরিদর্শক, সকল, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। যুগ্ম সচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।


 মোহাম্মাদ জাহাঙ্গীর আলম
 উপপরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
 মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
 ফোন-৪১০৩০১৬৫
 ddtraining.dme@gmail.com
 m